উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

**বিষয় ঃ উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিতি।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৭/০৯/২০২২খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে জনাব মোঃ আবুল কালাম বারী,চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী- এর সভাপতিত্বে স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরত্ব বজায় রেখে সেপ্টেম্বর/'২০২২ খ্রিঃ-এর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল।

উক্ত সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগনকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়ঃ

০১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন।
০২। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম প্রসঙ্গে আলোচনা।
০৩। বিবিধ

২৫/০৯/২২

( নুর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী
ফোনঃ ০৫৫২৫-৫৬০০২
ই-মেইলঃ unokishoganjnilphamari@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.০০১-২১ – ৯০৮৬

তারিখঃ ১১ আশ্বিন, ১৪২৯ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

০১। মাননীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪।
০২। জেলা প্রশাসক, নীলফামারী।
০৩। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কিশোরগঞ্জ, নীলফামারী।
০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,কিশোরগঞ্জ, নীলফামারী।
০৫। চেয়ারম্যান,বড়ভিটা/পুটিমারী/নিতাই/বাহাগিলি/চাঁদখানা/কিশোরগঞ্জ/রনচন্ডি/গাড়াগ্রাম/মাগুড়া ইউ.পি, কিশোরগঞ্জ,নীলফামারী।
০৬। ..........................................................................
কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। অফিস কপি।

২৫/০৯/২২

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

# কিশোরগঞ্জ উপজেলা সেপ্টেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শাহ্ মোঃ আবুল কালাম বারী
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,
কিশোরগঞ্জ, নীলফামারী।

স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।
তারিখ : ২৭ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ
সময় : বেলা-১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। সভাপতির অনুরোধক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানান। প্রথমেই তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, কিশোরগঞ্জ উপজেলায় এ বছর চলমান রোপা আমন ধানের মধ্যে ৭৪০ হেক্টর জমিতে ধান কর্তন হয়েছে। এ বছর সূর্যের আলো এবং আবহাওয়া অনুকুলে থাকায় ফলন গত বছরের চেয়ে বেশি হবে। আগাম আলু রোপন হয়েছে ১৮০ হেক্টর জমিতে। আবহাওয়া প্রকল্পের আওতায় আবহাওয়া পূর্বাভাস জানার জন্য যন্ত্র স্থাপনের জন্য ২০×১২ ফুট এর জায়গার প্রয়োজন। উপজেলা চেয়ারম্যান মহোদয়ের এবং উপজেলা নির্বাহী মহোদয়ের প্রাথমিক সিদ্ধান্ত মোতাবেক নির্বাচন অফিস সংলগ্ন জায়গায় নির্ধারণ করা হয়। যৌক্তিক ও পরিমতি সারের ব্যবহার ও সুষ্ঠু সরবারহ নিশ্চিত করতে জিলার পর্যায়ে সারের মনিটরিং বৃদ্ধি করা হয়েছে। কৃষি যন্ত্রপাতি সংরক্ষনাগার নির্মানে স্থান নির্ধারণ করায় ধন্যবাদ জ্ঞাপন করছি। প্রকৌশল বিভাগের মাধ্যমে স্কেচ ম্যাপ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকায় প্রেরণ তাগিদ পত্র পাওয়া গিয়েছে। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত আছে। | উপজেলা পরিষদের অভ্যন্তরে আধুনিক কৃষি যন্ত্রপাতি স্থাপনের জায়গা প্রকৌশল বিভাগ কর্তৃক নির্ধারনের জন্য স্কেচম্যাপ প্রস্তুতের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হল। মাঠ পর্যায়ের প্রান্তিক কৃষকদেরকে পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তার পক্ষে প্রতিনিধি সভায় জানান যে, কোভিট-১৯ টিকা কাযক্রম এখনও চলমান রয়েছে। (৫-১১) বছরের শিক্ষার্থীদের ফাইজার টিকা দানের কার্যক্রমের প্রস্তুতি চলছে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট স্কুলে/ প্রতিষ্ঠানেই এই টিকা দেয়া হবে। এছাড়াও হাসপাতালের সেবা কার্যক্রম গুলো চলমান রয়েছে। অপারেশন থিয়েটার চালু রয়েছে। তবে জরুরি ওষধ পত্রের কিছু সীমাবদ্ধতা রয়েছে। এ ব্যাপারে উপজেলা সমাজ কল্যাণ অফিসারের সাথে আলোচনা হয়েছে। তিনি রোগী কল্যান ফান্ড থেকে সমন্বয়ের কথা বলেছেন। দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | জনগণকে করোনা প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে চলাসহ করোনা টিকা গ্রহণে উদ্বুদ্ধ করা । ফাইজার টিকা প্রদানে সকলের সহযোগীতা কামনা করা হয়। রোগী কল্যান ফান্ড চালুর জন্য সমাজসেবা অধিদপ্তরে মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় প্রকল্পের তালিকা প্রদান করেন ০৪ টি ইউনিয়ন বাকী ০৫টি ইউনিয়ন এখনও তালিকা প্রদান করেনি দ্রুত প্রকল্পের তালিকা প্রদান করার জন্য অনুরোধ করা হলো। উপজেলা পরিষদের ০৫টি ভবন উপজেলা চেয়ারম্যান বাসভবন, কোয়ার্টার নং ০৬,০৭,০৮ ও ব্যাচেলর ডরমেটরী বসবাসের অযোগ্য হওয়ায় কনডেম/ পরিত্যক্ত ঘোষনা জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। জেলা কনডেমেশন কমিটির নিকট প্রস্তাব প্রেরণ করতে হবে। চেয়ারম্যান বাহাগিলি ইউপি জানান যে, বাহাগিলি ইউনিয়ন পরিষদের যাতায়াতের রাস্তা বন্যায় ক্ষতিগ্রস্থ হাওয়ায় উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশে স্থানীয় ভাবে মালামাল বাকীতে ক্রয় করে মেরামত করা হয়ে। উক্ত অর্থ এডিপি অর্থ হতে সমন্বয়ের জন্য প্রস্তাব করেন। | ০৫ টি ভবন কনডেম ঘোষনার জন্য জেলা কনডেমেশন কমিটির নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত । বাহাগিলি ইউপির রাস্তার মেরামতের জন্য ০১ টি প্রকল্প (এডিপি) বার্ষিক উন্নয়ন কর্মসূচি হতে গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত । | ক) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিস | উপজেলা প্রাণি সম্পদ অফিসার জানান যে, অত্র অফিসের আওতায় এপিএ কার্যক্রম চলমান। বর্তমান ২০২২-২০২৩ অর্থবছরে তরল ও হিমায়িত সিমেন দ্বারা কৃত্রিম প্রজনন সম্প্রসারণ ৩২.৭৭% ও ৩৩.১৬% । এপিএ অনুযায়ী চিকিৎসা প্রাপ্ত পশুর সংখ্যা ২৫.৪৫%, হাঁস মুরগী ২৫.৩০%। মোবাইল কোর্ট পরিচালনা ৫০%, দুধ উৎপাদন-২৫.২২%।মাংস উৎপাদন-৪৩.৬৩%। ডিম উৎপাদন- ৩৪.২৫%। উপজেলা প্রানি সম্পদ অফিসের বেষ্টনী ওয়ালের দীর্ঘদিন ধরে জীর্ণ অবস্থায় রয়েছে। মেরামত করা প্রয়োজন এ বিষয়ে উপজেলা পরিষদের নিকট ব্যবস্থা গ্রহণের জন্য আবেদন করছি। এ ছাড়া দপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তার পক্ষে প্রতিনিধি সভায় জানান যে,বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। মৎস্য অধিদপ্তরের রাজস্ব খাতের আওতায় তিস্তা সেচ ক্যানেলে (প্রধান ক্যানেল) বড়ভিটা হতে রাজীব পর্যন্ত ২৫০ কেজি সহ মোট ৪০০ কেজি মাছের পোনা অবমুক্ত করা হয়েছে। ৭-২৮ অক্টোবর/২০২২ খ্রিঃ পর্যন্ত ইলিশের প্রধান প্রজনন মৌসুমে ইলিশ মাছ আহরণ,বিপনন, ক্রয়-বিক্রয়,মজুদ,বাজারজাতকরণ ও বিনিময় নিষিদ্ধ এবং দন্ডনীয় অপরাধ। এ লক্ষে মাঠ পর্যায়ে মৎস্য রক্ষা ও সংরক্ষণ আইন বাস্তবায়নে কাজ করে চলছে। অন্যান্য কাযক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিসার ও সংশ্লিষ্ট |
| ০৬ | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, কিশোরগঞ্জ উপজেলায় শারদীয় দুর্গাপুজা উপলক্ষে ১৪৭ টি পুজা মন্ডপের অনুকুলে ৫০০ কেজি হারে চাল উপবরাদ্দ পাওয়া গেছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৭ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বর্তমানে প্রাথমিক বিদ্যালয়ে পাঠদান চালু আছে । স্কুলে ফিডিং কর্মসূচী না থাকায় বিদ্যালয়ে শিক্ষার্থী উপস্থিতির হার অনেক কম। ক্ষুদ্র মেরামত কাজ ০৬ টি এ মাসের মধ্যে শেষ হবে। শিক্ষকদের বদলী অনলাইন কার্যক্রম চালু হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক প্রতিটি কার্যক্রম সুসম্পন্ন করার জন্য অনুরোধ জানান হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ০৮ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জুলাই মাসের কার্যক্রম খাবার বড়ি সুখি বিতরন হয়েছে ১৫,১৬০ চক্র, আপন ৭২৯ চক্র, কনডম ৫৮৯৬ পিস, ইনজেকটেবল ১৫৮৮ (ভয়াল) ইমপ্লানন নিয়েছে ১০৭ জন, নরমাল ডেলিভারী ২৪২ জন, সিজারিয়ান ৯৮ জন,প্রাতিষ্ঠানিক ডেলিভারী ১৫৮ জন, কিশোর কিশোরী সেবা ১৯৯১ জ, সাধারণ রোগী ২৬০৪ জন, শিশু সেবা ৫৬০ জন। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। | সংশ্লিষ্ট সকল। |
| ০৯ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, VWB কাযক্রমের আওতায় সেপ্টেম্বর/২২ মাসের খাদ্য বিতরণ সুসম্পন্ন হয়েছে। আগামী ২৮/০৯/২০২২ খ্রিঃ তারিখে সকাল ১০.০০ টায় দর্জি বিদ্যা ট্রেডের প্রশিক্ষণার্থীদের সাক্ষাতকার অনুষ্ঠিত হবে। আগামী অক্টোবর/২২ –ডিসেম্বর/২২ ব্যাচে ৩০ জনের পরিবর্তে ১০ জন প্রশিক্ষনার্থীকে নিয়োগ করার নির্দেশনা পাওয়া গিয়েছে। আগামী ০৯ ডিসেম্বর বেগম রোকেয়া দিবসে সম্মাননা প্রদান করা হবে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। সংশ্লিষ্ট সকল |
| ১০ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে প্রশিক্ষণ খাতে ৫০% সংকোচনের পুন:নির্ধারণ করা হয়েছে। অর্থাৎ ১৪ টি ব্যাচের পরিবর্তে ০৭ টি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। এ ছাড়া জেলা কার্যালয় কর্তৃক যানবাহন চালনা প্রশিক্ষণ পুনরায় শুরু হবে। দপ্তরের কার্যক্রম বিধিমোতাবেক সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে ২৩৪ টি অগভীর নলকুপ এর কাজ সমাপ্ত হয়েছে। আশ্রয়ন প্রকল্পের সুপেয় পানি নিশ্চিত করনের জন্য ১২ টি অগভীর নলকুপ স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপ-সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা সমবায় কার্যক্রম সমিতি নিবন্ধন, অডিট, শেয়ার, সঞ্চয় সংগ্রহের প্রশিক্ষণ ইত্যাদি সংগ্রহ করে মূলধন গঠনের মাধ্যমে আর্থসামাজিক উন্নয়নের চেষ্টা অব্যাহত রয়েছে। এ ছাড়া সমবায় সমিতি সমূহের তদারকী অডিট ও নির্বাচন সহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৩ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ক্ষুদ্র প্রান্তীক দরিদ্র জনগোষ্ঠীকে সংগঠিত করে আনুষ্ঠানিক ও আনুষ্ঠানিক দল সমিতির মাধ্যমে সদস্যদের পুঁজি গঠনে কাজ হচ্ছে। প্রশিক্ষণ আয়বর্ধনমূলক কর্মকান্ড দিয়ে থাকে। কৃষি উৎপাদন বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই পল্লী উন্নয়ন নিশ্চিত করা। ঋণ বিতরণ ১৫.৩২ লক্ষ টাকা আদায় ৫.০৬ লক্ষ টাকা। প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে । বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪ | আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, আনসার ভিডিপি অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। শারদীয় দুর্গাপুজা উপলক্ষে প্রতিটি পুজা মন্ডপে আইন শৃঙ্খলা রক্ষার দায়িত্বে থাকবে। আগামী ২৮/০৯/২০২২ খ্রিঃ তারিখ পুজা মন্ডপে নিয়োগের জন্য আনসার ভিডিপি সদস্য/সদস্যা বাছাই হবে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি |
| ১৫ | খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, নিয়মিত কার্যক্রমের পাশাপাশি উল্লেখ্যযোগ্য কাজের মধ্যে বোরো ধান-চাল সংগ্রহ ও অনলাইনে খাদ্যবান্ধব ডাটাবেজ প্রনয়ন কার্যক্রম চলমান রয়েছে। ওএমএস চাল বিতরণ কার্যক্রম চালু হবে। দপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরার্মশ দেয় হয়। | খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল। |
| ১৬ | পাট অফিস | উপজেলা উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এ অর্থবছরের ৩০ একর জমিতে নাবী পাট বীজ উৎপাদন করার জন্য বরাদ্দ পাওয়া গেছে। চলতি অর্থবছরে ৬০ কেজি নাবী পাট বীজ বরাদ্ধ পাওয়া গেছে। বরাদ্ধ কৃত নাবী পাট বীজ ৩০০ জন চাষীর মধ্যে প্রত্যেক পাটবীজ উৎপাদন কারী চাষী ২০০ গ্রাম করে প্রাপ্ত হবে। প্রত্যেক নাবী পাট বীজ ১০ শতাংশ জমির অনুকুলে ৪.৪ কেজি ইউরিয়া, ৩ কেজি টি.এ.পি ৪ কেজি জীবসাম ও ৮০০ গ্রাম এমওপি সার পাবেন। সেই সাথে ১০ শতাংশ জমির জন্য ৫০ মিলি কীটনাশক প্রাপ্ত হবেন। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১৭ | বিবিধ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের আয়বর্ধক কার্যক্রম করা আবশ্যক এ লক্ষে ডায়বেটিস হাসপাতালের পাশে ০৬ টি দোকান ঘর নির্মাণ করে তা ইজারা/ভাড়া প্রদান করা যেতে পারে। উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদের বাসাবাড়ীর বকেয়া টাকা আদায় জন্য সার্টিফিকেট মামলা করা হবে। এ ছাড়া পানি উন্নয়ন বোর্ডের রাজিব পয়েন্ট হতে বড়ভিটা পর্যন্ত যে ক্যানেল রয়েছে উক্ত ক্যানেলের রাজিব পয়েন্টে পর্যটন সম্ভবনা রয়েছে । এ লক্ষে সেখানে কিছু ওয়াটার রাইড চালু করে তা ইজারা প্রদানের মাধ্যমে আয় বর্ধক করা যেতে পারে। এবং পানি উন্নয়ন বোর্ডের সাথে একটি সমঝোতা স্মারক স্বাক্ষর করা যেতে পারে। | (১)উপজেলা পরিষদের আয়বর্ধনের জন্য ০৬ টি দোকান ঘর নির্মাণ করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(২) বাসাবাড়ীর বকেয়া টাকা আদায়ে পিডিআর আইন অনুযায়ী মামলা করার সিদ্ধান্ত গৃহিত হয়।<br>(৩) প্রস্তাবিত পর্যটন কেন্দ্র করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | উপজেলা রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় বাবদ ১৩,৪৯৯/-(তের হাজার চারশত নিরানব্বই) টাকা, ইন্টারনেট বিল ও লাইন মেরামত বাবদ ৫৩০০/-(পাঁচ হাজার তিনশত) টাকা হয়েছে। জরুরির প্রয়োজনে আনসার সেডের রুমে দরজা , মেইনগেট নির্মাণ ও অন্যান্য কাজ করা হচ্ছে। উক্ত ব্যয় সমন্বয়ের জন্য প্রস্তাব করা হয়। | ব্যয়সমূহ অত্যাবশ্যকীয় ও যৌক্তিক হওয়ায় সমন্বয়ের জন্য অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

( শাহ্ মোঃ আবুল কালাম বারী )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কিশোরগঞ্জ, নীলফামারী।
unokishoganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২১- ১৫২ তারিখঃ ২৭/০৯/২০২২খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নীলফামারী-০৪
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৫। জেলা প্রশাসক, নীলফামারী।
০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৭। ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৮। উপজেলা .............................................. কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী।
০৯। চেয়ারম্যান .............................................. (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী।
১০। অফিস কপি।

27/09/22
(নূর-ই-আলম সিদ্দিকী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ, নীলফামারী।

## কিশোরগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার হাজিরা সীট।

তারিখঃ ২৭/০৯/২০২২ খ্রি:

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর | স্বাক্ষর (পক্ষে প্রতিনিধি) | (অনুপস্থিতির মন্তব্য) |
|---|---|---|---|---|
| ০১ | জনাব আলহাজ্ব আদেলুর রহমান<br>মাননীয় সংসদ সদস্য<br>নীলফামারী-০৪ | | | |
| ০২ | মাননীয় মহিলা সংসদ সদস্য<br>নীলফামারী | | | |
| ০৩ | জনাব শাহ মোঃ আবুল কালাম বারী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৫ | জনাব রবিউল ইসলাম (বাবু)<br>ভাইস চেয়ারম্যান, উপঃ পরিষদ<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৬ | জনাব মোছাঃ শাপলা বেগম<br>মহিলা ভাইস চোরম্যান<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৭ | চেয়ারম্যান<br>বড়ভিটা ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৮ | চেয়ারম্যান<br>পুটিমারী ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ০৯ | চেয়ারম্যান<br>নিতাই ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |

| | | স্বাক্ষর | স্বাক্ষর (পক্ষে প্রতিনিধি) | (অনুপস্থিতির মন্তব্য) |
|---|---|---|---|---|
| ১০ | চেয়ারম্যান<br>বাহাগিলি ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১১ | চেয়ারম্যান<br>চাঁদখানা ইউপি ,কিশোরগঞ্জ, | | | |
| ১২ | চেয়ারম্যান<br>কিশোরগঞ্জ ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১৩ | চেয়ারম্যান<br>রণচন্ডী ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১৪ | চেয়ারম্যান<br>গাড়াগ্রাম ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১৫ | চেয়ারম্যান<br>মাগুড়া ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১৬ | উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তা<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৭ | উপজেলা কৃষি অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৮ | উপজেলা প্রকৌশলী<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | 27/09/22<br>SAE (On behalf) | | |
| ১৯ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | ২৭.০৯.২০২২ | | |
| ২০ | উপজেলা মৎস অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা শিক্ষা অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] ২৭/০৭/২২ | | |
| ২২ | উপজেলা সমাজসেবা অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৪ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] ২৭/০৭/২২ | | |
| ২৫ | উপজেলা যুব উন্নয়ন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] ২৭.০৭.২২ | | |
| ২৬ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] | | |
| ২৭ | উপজেলা সমবায় অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] ২৭/০৭/২২ | | |
| ২৮ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] ২৭-০৭-২০২২ | | |
| ২৯ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] ২৭/০৭/২২ | | |
| ৩০ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | [signature] | |
| ৩১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কিশোরগঞ্জ,নীলফামারী | | [signature] | |
| ৩২ | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩৩ | উপ বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৪ | উপ সহকারী প্রকৌশলী<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩৫ | উপজেলা পরিসংখ্যান অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩৬ | ফরেষ্টার, সামাজিক বনায়ন ও<br>নার্সারী কেন্দ্র<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩৭ | উপজেলা পাট উন্নয়ন<br>কর্মকর্তা<br>কিশোরগঞ্জ, নীলফামারী | | | |
| ৩৮ | তথ্য আপা | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |